

সাহিত্য অকাদেমির ওয়েবলাইন সাহিত্যমালার অধীনে আয়োজিত বহুভাষিক কবি সম্মেলন সাহিত্য অকাদেমি তার ওয়েবলাইন সাহিত্যমালার অধীনে অনলাইনে এক বহুভাষিক কবি সম্মেলনের আয়োজন করে। উপলক্ষ্য ছিল বিশ্ব কবিতা দিবস। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন সাহিত্য অকাদেমি পূর্বাঞ্চলের ভারপ্রাপ্ত আধিকারিক ক্ষেত্রবাসী নায়ক। অনুষ্ঠানে কবিতা পাঠে অংশগ্রহণ করেন বিশিষ্ট অসমীয়া কবি বর্ণালী বরগোহাইন, বাংলা কবি অর্ণব সাহা, বোড়ো কবি রশ্মি চৌধুরী, মৈথিলী কবি নিবেদিতা ঝা, মণিপুরী কবি দেবদাস মইরেমবাম, নেপালী কবি লক্ষ্মণ অধিকারী, ওড়িয়া কবি শশীভূষণ বিসওয়াল এবং সাঁওতালী কবি ভূজঙ্গ টুডু। সকলে মূল ভাষায় কবিতা পড়ার পাশাপাশি কবিতাগুলির ইংরেজি/হিন্দি অনুবাদও পড়েন। অনুষ্ঠানের শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন সাহিত্য অকাদেমির কার্যক্রম আধিকারিক অভিষেক রথ।